রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

২০২১ সনের ৫১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ২৩, ২০২১

## সূচিপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭০৯—৭১৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৫১৯—১৫৪১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩২৭—৩৩০ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৫০১—১৫২৩ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৩—১৫ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/৩০ সেপ্টেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩৭.০০.০০০০.০৭৬.৯৯.০০১.২১-২৯৪**—সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে বাজার চাহিদার প্রতি লক্ষ রেখে যোগ্য মধ্যম পর্যায়ের দেশীয় ম্যানেজার তৈরি বিষয়ক সম্ভাব্য কার্যক্রম নির্ধারণ ও বাস্তবায়নের লক্ষ্যে নিম্নরূপ একটি কমিটি গঠন করা হলো :—

| ক্রমিক | নাম, পদবি এবং দপ্তর |
|---|---|
| | **সভাপতি** |
| ১। | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন |
| | **সদস্য** |
| ২। | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ |
| ৩। | নির্বাহী চেয়ারম্যান, জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ |
| ৪। | সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |

মোহাম্মদ ইসমাইল হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

| ক্রমিক | নাম, পদবি এবং দপ্তর |
|---|---|
| ৫। | সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় |
| ৬। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ |
| ৭। | প্রতিনিধি, উপাচার্য পরিষদ |
| ৮। | প্রতিনিধি, জেনারেল বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ৯। | প্রতিনিধি, কৃষি বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ১০। | প্রতিনিধি, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ১১। | প্রতিনিধি, মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ১২। | প্রতিনিধি, প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ১৩। | প্রতিনিধি, বিশেষায়িত বিশ্ববিদ্যালয় (বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদ কর্তৃক নির্বাচিত) |
| ১৪। | উপাচার্য, বেসরকারি বিশ্ববিদ্যালয় (শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক নির্বাচিত) |
| ১৫। | চেয়ারম্যান, কারিগরি শিক্ষা বোর্ড |
| ১৬। | চেয়ারম্যান, বাংলাদেশ বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতি |
| ১৭। | সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি (এফবিসিসিআই) |
| ১৮। | প্রতিনিধি, বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) |
| ১৯। | সভাপতি, বাংলাদেশ এ্যাসোসিয়েশন অফ ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি |
| ২০। | পলিসি এ্যাডভাইজার, এটুআই |
| | **সদস্য সচিব** |
| ২১। | সদস্য, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক মনোনীত) |

সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে বাজার চাহিদার প্রতি লক্ষ রেখে যোগ্য মধ্যম পর্যায়ের দেশীয় ম্যানেজার তৈরি সংক্রান্ত কমিটির কার্যপরিধি :

(১) সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সমন্বয়ে বাংলাদেশে যোগ্য মধ্যম পর্যায়ের দেশীয় ম্যানেজার তৈরির রোডম্যাপ প্রস্তুত করা।

(২) Real Time Data Platform "NISE$^3$" (National Intelligence for Skills, Education, Employnent & Entrepreneurship)—এর মাধ্যমে সাপ্লাই সাইড (শিক্ষা ও দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠান) ও ডিমান্ড (শিল্প-প্রতিষ্ঠান) সাইডের মধ্যে সম্পর্ক স্থাপনে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা।

(৩) শিল্প-প্রতিষ্ঠানে মধ্যম পর্যায়ের ম্যানেজারদের চাহিদা নিরূপণ এবং তদানুসারে ফোরকাস্টিং করা।

(৪) বাজার চাহিদা অনুসারে দক্ষ জনবল তৈরির লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের ব্যবস্থা করা।

(৫) ইকোনমিক জোন, হাইটেক পার্ক-এর শিল্প-প্রতিষ্ঠানসহ অন্যান্য শিল্প-প্রতিষ্ঠানে যেন পাশকৃত বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীরা চাকরিতে যুক্ত হতে পারেন তা নিশ্চিত করা।

(৬) বিশ্ববিদ্যালয় পর্যায় থেকে যেন শিক্ষার্থীরা ম্যানেজারিয়াল দক্ষতা অর্জন করতে পারে সে লক্ষ্যে প্রয়োজনীয় পরিকল্পনা করা এবং বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা।

(৭) শিল্প-প্রতিষ্ঠান এবং শিক্ষা ও দক্ষতা উন্নয়নমূলক প্রতিষ্ঠানের সমন্বয়ে নিয়মত জব ফেয়ার আয়োজন ও "জব ফেয়ার বর্ষপুঞ্জিকা" প্রণয়ন করা।

(৮) পরিকল্পনা বাস্তবায়নের সংশ্লিষ্ট সকল ব্যক্তি ও প্রতিষ্ঠানের কার্যাদেশ সুপারিশ, আর্থিক সংস্থান নির্দেশ, কার্যক্রম পর্যালোচনা, সমন্বয়, অগ্রগতি মূল্যায়ন, অর্জনের স্বীকৃতি এবং ভবিষ্যত করণীয় সম্পর্কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা।

(৯) উপাত্ত ভিত্তিক পলিসিগত সিদ্ধান্ত গ্রহণ এবং প্রয়োজন অনুসারে পলিসি প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা।

(১০) সরকারি প্রতিষ্ঠানের বিশেষজ্ঞ এবং জাতীয় আন্তর্জাতিক বেসরকারি সংস্থাসমূহের বিশেষজ্ঞদের সাথে আলোচনার মাধ্যমে কর্ম সম্পাদনের প্রক্রিয়া চিহ্নিতকরণ ও বাস্তবায়ন করা।

(১১) প্রয়োজনে কমিটিতে যে কোন সদস্য কো-অপ্ট করা।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নূর-ই-আলম**
উপসচিব।

---

**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ আশ্বিন ১৪২৮/১১ অক্টোবর ২০২১

নং **৩৭.০০.০০০০.০৭০.৪৬.০০১.১৮.২২২**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮' এর আলোকে মাদারীপুর জেলার রাজৈর উপজেলাধীন 'শেখ রাসেল মহাবিদ্যালয়' ০৬ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মঈনুল হাসান**
উপসচিব (বেসরকারি কলেজ-৬)।

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ অধিশাখা-২**

**বিজ্ঞপ্তি**

তারিখ : ২৯ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ/১৪ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০৭১.১৯.২২৮**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে :

| ক্রম | মৌজার নাম | জে, এল নম্বর | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|
| ১ | শৈলজুরা | ১০৩ | ৯০৯ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ২ | বাগনিপাড়া | ১৪৭ | ২৯২ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৩ | ভাগমতপুর | ২২ | ২০৯ | হবিগঞ্জ সদর | হবিগঞ্জ |
| ৪ | হাওর | ৫ | ৪৬২ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ৫ | শ্রীপুর | ৯ | ৫২১ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ৬ | রাউতগাঁও | ১৯ | ১৬২৫ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ৭ | দিলদারপুর টি, ই, | ২৮ | ৭২ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ৮ | সাদেকপুর | ৩৫ | ১৪৫৮ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ৯ | নয়াদা সাদেকপুর | ৩৮ | ১০৮৮ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১০ | নইমপুর | ৭৫ | ১৭১৪ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১১ | বালিয়া | ৭৯ | ২৪০১ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১২ | পূর্বভাগ | ১০৩ | ১৩২২ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৩ | সুখনভি | ১০৯ | ৪৪১ | কুলাউড়া | মৌলভীবাজার |
| ১৪ | উত্তর মনমতের চর | ৩৪ | ৭৬৬ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ১৫ | আচিন পুর | ৩৭ | ১৩৩৮ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ১৬ | নুরুল্লা | ৭৪ | ৩৬৭ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ১৭ | জলিলপুর | ৭৮ | ১৬৯৬ | সুনামগঞ্জ সদর | সুনামগঞ্জ |
| ১৮ | ওমরপুর | ১৪ | ১২৫১ | বিশ্বম্ভরপুর | সুনামগঞ্জ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাকিলা রহমান**

সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**জননিরাপত্তা বিভাগ**

**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ আশ্বিন ১৪২৮/০৭ অক্টোবর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪২**—রাজশাহী জেলার বাগমারা থানার মামলা নং-০৬, তারিখ : ১৫-১১-২০১৮ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ১০/১১/১২১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৩**—রাজশাহী জেলার পুঠিয়া থানার মামলা নং-০৬, তারিখ : ০৬-১০-২০১৬ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬/৮/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৪**—ঢাকা জেলার দারুস সালাম থানার মামলা নং-৪৩(০৯)২০২০-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৫**—ঢাকা জেলার মিরপুর মডেল থানার এফআইআর নং-৫৯/৬৯৮-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৮/৯/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৬**—ঢাকা জেলার লালবাগ থানার মামলা নং-৬১(১২)২০১৯-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(অ)(আ)(ঈ)/১০ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৭**—মুন্সিগঞ্জ জেলার সদর থানার মামলা নং-৬৬ তারিখ: ৩১-০১-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/৮/৯/১০/১২/১৩ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৮**—চট্টগ্রাম জেলার ভুজপুর থানার মামলা নং-০২ তারিখ: ০৪-০৮-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)/১০/১১/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

নং **৪৪.০০.০০০০.০৫৬.০৪.০১৫.২১-৮৪৯**—চট্টগ্রাম জেলার পাঁচলাইশ মডেল থানার মামলা নং-০৮ তারিখ: ১৩-০৫-২০২০ খ্রিঃ-এ ঘটনাস্থল হতে প্রাপ্ত জব্দকৃত আলামত পরীক্ষান্তে ও পুলিশী তদন্তে আসামীরা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৬(২)(ঈ)/৮/৯/১০/১২ ধারার অপরাধে জড়িত মর্মে প্রাথমিকভাবে প্রমাণিত হয়েছে।

২। এমতাবস্থায়, তদন্তে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থ আমলে গ্রহণের লক্ষ্যে উক্ত মামলায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ৪০(২) ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের অনুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ফৌজিয়া খান**
উপসচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৭ আশ্বিন ১৪২৮/১২ অক্টোবর ২০২১

নং **৫৯.০০.০০০০.১১৭.২৭.০৫৭.২১-৪০৪**—যেহেতু ডাঃ মোছাঃ আফছারী খানম, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, লালমনিরহাট (গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মকালীন অভিযোগ) এর বিরুদ্ধে অভিযোগ উত্থাপিত হয় যে, তার সুপারভিশন ও মনিটরিং এর অবহেলার কারণেই একই কেন্দ্রের পরিবার কল্যাণ পরিদর্শিকা কর্তৃক গত ১১-০৮-২০২০ তারিখে এক প্রসূতি মায়ের সাথে অসদাচরণ করার সুযোগ সৃষ্টি হয় এবং প্রসূতি মা সুষ্ঠু সেবা থেকে বঞ্চিত হন। মা ও শিশু কল্যাণ কেন্দ্রের সরকারি কোয়ার্টারে সার্বক্ষণিক অবস্থান/বসবাসপূর্বক দায়িত্ব পালনের বিধান থাকা সত্ত্বেও তিনি কোয়ার্টারে বসবাস করেন না, ফলে জরুরি প্রসূতি সেবা প্রদান বিঘ্নিত হয়। তিনি যখন কেন্দ্রের বাইরে যান তখন প্রায়শ: মোবাইল ফোন রিসিভ করেন না। ফলে পরিবার কল্যাণ পরিদর্শিকাগণ জরুরি প্রয়োজনে তার নিকট হতে পরামর্শ ও নির্দেশনা গ্রহণ করতে পারেন না। মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মরত কর্মচারীদের উপর তার কোন সুপারভিশন/মনিটরিং না থাকায় মা ও শিশু স্বাস্থ্য সেবাগ্রহীতাগণ প্রতিনিয়ত পরামর্শ/সেবা থেকে বঞ্চিত হয়। তার দায়িত্ব ও কর্তব্যে চরম অবহেলার কারণে মা ও শিশু স্বাস্থ্য সেবা ব্যাহত হয় এবং বিভাগীয় ভাবমূর্তি দারুণভাবে ক্ষুণ্ন হয়;

২। যেহেতু, উক্ত অপরাধে পরিবার পরিকল্পনা অধিদপ্তর কর্তৃক আনীত প্রস্তাবের ভিত্তিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ আনয়নক্রমে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের ০৭-০৬-২০২১ তারিখের ৫৯.০০. ০০০০.১১৭.২৭.০৫৭.২১-২৯০ নং স্মারকে প্রথম কারণ দর্শনো নোটিশ জারি করা হয়:

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা কারণ দর্শানো নোটিশের লিখিত জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং গত ১৪-০৯-২০২১ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিকালে অভিযুক্ত কর্মকর্তা বলেন, অভিযোগে উল্লিখিত সময়ে তিনি গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে কর্মরত ছিলেন। গত ১১-০৮-২০২০ তারিখে রাতের শিফটে দায়িত্ব পালনকারী পরিবার কল্যাণ পরিদর্শিকা মোছাঃ সেলিনা আখতার এর দায়িত্বকালে রাত আনুমানিক ১১টা হতে সাড়ে ১১টার সময় গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্রে একজন প্রসূতি মাতৃ সেবা গ্রহণ করতে আসলে তিনি প্রসূতি মায়ের সাথে অসদাচরণ করেন বলে একজন সংবাদ প্রতিনিধির মাধ্যমে অবগত হন। ঐ সময় তিনি আধা কিলোমিটার দূরে গাইবান্ধা নিজ বাসায় অবস্থান করছিলেন। কর্মরত পরিবার কল্যাণ পরিদর্শিকা মোছাঃ সেলিনা আকতার তাৎক্ষণিক তাকে ঘটনা অবহিত করেননি। অবহিত করেন ১১-০৮-২০২০ তারিখ দিবাগত রাত ০১:৪৫ মিনিটে অর্থাৎ গাইবান্ধা প্রসূতি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে আসার প্রায় পৌনে তিন ঘণ্টা পর। বিভিন্ন সংবাদ মাধ্যমে ও টিভি চ্যানেলে পরিবার কল্যাণ পরিদর্শিকার ফোনে কল করার কথা সত্য নয়। ঘটনার সময় ওটিতে মেরামতের কাজ চলছিল। ঘটনা জানার পর উপপরিচালকের সাথে কথা বলেছেন। তারপর FWV মোছাঃ সেলিনা আখতার তাকে ফোন করে ঘটনা জানায়। তখন তার আর কোনো কিছু করার ছিল না। অনাকাঙ্ক্ষিত ঘটনার জন্য তিনি ক্ষমা প্রার্থনা করেন।

৪। যেহেতু, ঘটনার সময় অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোছাঃ আফছারী খানম, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্রে উপস্থিত ছিলেন না। ঘটনার প্রায় পৌনে ০৩ ঘণ্টা পর অফিস থেকে তাকে জানানো হয়। অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অন্যান্য অভিযোগ সুনির্দিষ্ট নয়। বাদীপক্ষ অভিযুক্ত কর্মকর্তা ডাঃ মোছাঃ আফছারী খানম, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, লালমনিরহাট (প্রাক্তন গাইবান্ধা মা ও শিশু কল্যাণ কেন্দ্র) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ করতে সক্ষম হয়নি;

৫। যেহেতু, মামলাটি চলমান রাখার জন্য পর্যাপ্ত কারণ পরিলক্ষিত হলো না। অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগের গ্রহণযোগ্যতা পাওয়া গেল না;

৬। সেহেতু, সার্বিক পরিস্থিতি বিবেচনা করে, ডাঃ মোছাঃ আফছারী খানম, মেডিকেল অফিসার (ক্লিনিক), মা ও শিশু কল্যাণ কেন্দ্র, লালমনিরহাটকে বর্ণিত বিভাগীয় মামলায় আনীত অভিযোগের দায় থেকে অব্যাহতি প্রদান করা হলো। তবে ভবিষ্যতে তাকে আরো সতর্কতার সাথে দায়িত্ব পালনের জন্য পরামর্শ দেয়া হলো।

৭। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোঃ আলী নূর**
সচিব।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ অধিশাখা-২

### বিজ্ঞপ্তি

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ/০১ ডিসেম্বর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১৩.২১.২৫৬**—The State Acquisition And Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে:

| ক্রম | মৌজার নাম | জে. এল নং | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|
| ০১। | পুরাতন কসবা | ৯৩ | ৪২১৭ | যশোর সদর | যশোর |
| ০২। | আলাদাতপুর | ৭৩ | ৪২৭ | নড়াইল সদর | নড়াইল |
| ০৩। | কাঠাদুরা | ৩৪ | ১৭৭৬ | কালিয়া | নড়াইল |
| ০৪। | গাছবাড়িয়া | ৮৯ | ১৫৫৭ | কালিয়া | নড়াইল |
| ০৫। | ডুমুরিয়া রামনগর | ৯৮ | ৫০৩৫ | কালিয়া | নড়াইল |
| ০৬। | কচুয়াডাঙ্গা | ১০৩ | ৮০৪ | কালিয়া | নড়াইল |
| ০৭। | পাঁচুরিয়া | ৩২ | ৭৭৪ | মহম্মদপুর | মাগুরা |
| ০৮। | কানাইনগর | ৮৪ | ৪৭৭ | মহম্মদপুর | মাগুরা |
| ০৯। | গান্না | ৮৭ | ২১৬৭ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১০। | কালিকাপুর | ১৫৬ | ১৪১২ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১১। | ভুটিয়ারগাঁতি | ১৬২ | ১৭৬২ | ঝিনাইদহ সদর | ঝিনাইদহ |
| ১২। | আউসিয়া | ৬২ | ১৪২০ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৩। | সাবুটিয়া | ৮০ | ২৪৩৯ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৪। | গাড়াখোলা | ১২৮ | ৯৮৭ | শৈলকুপা | ঝিনাইদহ |
| ১৫। | বজরাপুর | ১৩২ | ২০৬৯ | মহেশপুর | ঝিনাইদহ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম এম আরিফ পাশা**
উপসচিব।

---

## অর্থ মন্ত্রণালয়
## আথিক প্রতিষ্ঠান বিভাগ
## কেন্দ্রীয় ব্যাংক শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১২ কার্তিক ১৪২৮/২৮ অক্টোবর ২০২১

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২১.১৭-৪২৩**—প্রবাসী কল্যাণ ব্যাংক আইন, ২০১০ এর দ্বারা ১০(১)(চ) অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিনিধি ক্যাটাগরিতে জনাব জেবুন্নেছা করিম, অতিরিক্ত সচিব (প্রশাসন)- কে প্রবাসী কল্যাণ ব্যাংকের পরিচালনা বোর্ডে যোগদানের তারিখ হতে ০৩(তিন) বছর অথবা শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের চাকরিকালীন পর্যন্ত (যেটি পূর্বে হয়) পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৫ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/৩১ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

**নং ৫৩.০০.০০০০.৩১১.১১.০২৮.১৭-৪২৫**—পল্লী সঞ্চয় ব্যাংক আইন, ২০১৪ এর ধারা ১১ এর উপ-ধারা (১) এর দফা (ঘ) অনুযায়ী পল্লী সঞ্চয় ব্যাংকের পরিচালনা পর্ষদের পরিচালক জনাব হুমায়ুন ফরহাদ, অতিরিক্ত সচিব এর পরিবর্তে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ড. মোহাম্মদ মহিউদ্দিন-কে উক্ত ব্যাংকের পরিচালনা পর্ষদে তাঁর যোগদানের তারিখ থেকে ৩(তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জেহাদ উদ্দিন**
উপসচিব।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ : ১৯ অক্টোবর ২০২০ খ্রিঃ

**নং বিচার-৭/২-এন-৬৫/৭৭(অংশ)-১৮৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে মোহাম্মদ মুজিবুর রহমান, জন্ম তারিখ: ১০-০৮-১৯৯৬ খ্রিঃ, পিতা-জাফর আলম, মাতা-কামরুন নাহার, গ্রাম-উত্তর নাইক্যংদিয়া, ডাকঘর-পোকখালী, উপজেলা-কক্সবাজার সদর, জেলা- কক্সবাজার। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা

নির্ধারিত পদ্ধতিতে কক্সবাজার জেলার সদর উপজেলার ০২নং পোকখালী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে।

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনঃনির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয় কোনো উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আনোয়ারুল হক**
সিনিয়র সহকারী সচিব।

---

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১১** কার্তিক **১৪২৮/২৭** অক্টোবর **২০২১**

**নং ৪০.০০.০০০০.০১৬.৩০.০০৮.১৭.১০৫**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন)-এর ধারা ৩২৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে ১৭ অক্টোবর ২০২১ হইতে ১৬ এপ্রিল ২০২২ তারিখ পর্যন্ত শতভাগ রপ্তানিমুখী তৈরি পোশাক শিল্পকে উক্ত আইনের ধারা ১০০,১০২ এবং ১০৫ এর বিধানের প্রয়োগ হইতে নিম্নোক্ত শর্তে অব্যাহতি প্রদান করিল :

**শর্তাবলি :**

১। বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর পঞ্চদশ অধ্যায়ের ২১৪ নম্বর বিধি অনুযায়ী কেন্দ্রীয় তহবিলে নির্দিষ্ট হারে অর্থ প্রদান করিতে হইবে;

২। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও শ্রম বিধিমালা, ২০১৫ এর বিধি-বিধান অনুসরণ করিতে হইবে;

৩। কোনো শ্রমিক দ্বারা তাহার সম্মতি ব্যতীত কোনো কার্যদিবসে অতিরিক্ত ০৪ (চার) ঘন্টার অধিক সময় কাজ করানো যাইবে না;

৪। অতিরিক্ত কাজের জন্য স্বাভাবিক মজুরির দ্বিগুণ হারে মজুরি প্রদান করিতে হইবে;

৫। বিধিমোতাবেক সাপ্তাহিক ছুটি প্রদান করিতে হইবে;

৬। কেবলমাত্র স্বেচ্ছায় আগ্রহী শ্রমিকদের অতিরিক্ত সময় কাজে নিয়োগ করা যাইবে;

৭। শ্রমিকদের স্বাস্থ্যবিধি মানিয়া কাজ করার বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

৮। প্রযোজ্য ক্ষেত্রে করোনা ভাইরাস (কোভিড-১৯) সংক্রমণ সংশ্লিষ্ট বিষয়ে সময়ে সময়ে জারীকৃত সরকারি সিদ্ধান্ত/নির্দেশাবলি পরিপালন করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহানা জামান**
উপসচিব।

---

**শিল্প মন্ত্রণালয়**
**বিএসইসি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : **১৭** কার্তিক **১৪২৮/০২** নভেম্বর **২০২১**

নং **৩৬.০০.০০০০.০৯২.৯৯.০০৮.১৯-১৪৩**—শিল্প মন্ত্রণালয়ের বিদ্যমান অর্গানোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে গত ২৫ আগস্ট ২০২১ তারিখের ৩৬.০০.০০০০.০৯২.৯৯.০০৮.১৯-১০২ নং স্মারক মূলে গঠিত বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (শিল্প) নির্বাচন নীতিমালা-২০১৪ এর ক্রমিক নং ৬ (১) এ বর্ণিত বাছাই কমিটি সংশোধনপূর্বক নিম্নোক্তভাবে পুর্নগঠন করা হলো :

৬। সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য বাছাই কমিটি, ইত্যাদি-(১) এই নীতিমালার অধীন সিআইপি (শিল্প) নির্বাচনের জন্য সরকার নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে একটি বাছাই কমিটি গঠন করিবে যথা :

| | |
|---|---|
| | **সভাপতি** |
| (ক) | শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন) |
| | **সদস্যবৃন্দ** |
| (খ) | শিল্প মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব (বিএসএফআইসি ও বিএসইসি) |
| (গ) | স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপসচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা |
| (ঘ) | বাণিজ্য মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপসচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা |
| (ঙ) | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক মনোনীত উপ-সচিব পদ মর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা |
| (চ) | বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত একজন সদস্য-পরিচালক পদ মর্যাদার নিম্নে নয় |
| (ছ) | জাতীয় রাজস্ব বোর্ডের মনোনীত একজন প্রতিনিধি (প্রথম সচিব এর নিম্নে নয়) |
| (জ) | বিসিক কর্তৃক মনোনীত একজন পরিচালক |
| (ঝ) | এফবিসিসিআই কর্তৃক মনোনীত একজন পরিচালক/প্রতিনিধি |
| | **সদস্য-সচিব** |
| (ঞ) | শিল্প মন্ত্রণালয়ের উপসচিব (বিএসইসি) |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মানিক উদ্দিন**
সহকারী সচিব।

**বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়**
**বঙ্গাবন্ধু ফেলোশিপ ট্রাস্ট ও এনসিএসটি সেল**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ কার্তিক ১৪২৮/২৬ অক্টোবর ২০২১

নং **৩৯.০০.০০০০.০৩৫.২২.০০৩.২১.৬৭**—বিভিন্ন প্রকৌশল প্রতিষ্ঠানের গবেষণা কার্যক্রমের মধ্যে সমন্বয় সাধন, গবেষণালব্ধ ফলাফলের বাণিজ্যিকীকরণ এবং আমদানিকৃত প্রযুক্তি গ্রহণ, আত্তীকরণ ও অভিযোজন করার ক্ষেত্রে প্রকৌশল প্রতিষ্ঠানসমূহের মধ্যে সম্পর্ক স্থাপনের লক্ষ্যে বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল গঠন এবং এতদসংক্রান্ত আনুষঙ্গিক বিষয়ে বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ১৫ সেপ্টেম্বর ২০২০ তারিখে প্রকাশিত হয়, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা ১ নভেম্বর ২০২০ তারিখে কার্যকর করা হয় এবং ১৪ জুন ২০২১ তারিখ 'বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল' প্রতিষ্ঠা করা হয়।

২। 'বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল'- এর চেয়ারম্যান নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিতভাবে একটি বাছাই কমিটি গঠন করা হলো :

| |
|---|
| **আহ্বায়ক** |
| ১. সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |
| **সদস্যবৃন্দ** |
| ২. উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| ৩. উপাচার্য, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম |
| ৪. উপাচার্য, খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, খুলনা |
| ৫. উপাচার্য, ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গাজীপুর |
| ৬. উপাচার্য, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাজশাহী |
| ৭. উপাচার্য, আহসানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, ঢাকা |
| **সদস্য-সচিব** |
| ৮. উপসচিব, এনসিএসটিসেল-৩৫, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা |

কমিটির কর্মপরিধি :

(১) 'বাংলাদেশ প্রকৌশল গবেষণা কাউন্সিল'-এর জন্য ৩ (তিন) বছর মেয়াদে চেয়ারম্যান নিয়োগের লক্ষ্যে ০৫ (পাঁচ) জনের একটি প্যানেল নির্বাচন করে অত্র মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

(২) চেয়ারম্যান কাউন্সিলের প্রধান নির্বাহী হিসেবে দায়িত্ব পালন করবেন। তাঁর প্রকৌশল বিষয়ে পিএইচডি ডিগ্রিসহ প্রকৌশল পেশায় অন্যূন ২৫ (পঁচিশ) বৎসরের অভিজ্ঞতা এবং স্বীকৃত আন্তজার্তিক জার্নালে প্রকাশনা থাকতে হবে এবং চাকরির শর্তাবলি সরকার কর্তৃক নির্ধারিত হবে।

**রতন কুমার মন্ডল**
উপসচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**রাজনৈতিক শাখা-৪**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ অক্টোবর ২০২১

নং **৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৮৫**—আগামী ০২ নভেম্বর ২০২১ তারিখ একাদশ জাতীয় সংসদের ৬৭ সিরাজগঞ্জ-৬ নির্বাচনি এলাকায় শূন্য আসনে নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচন অবাধ শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অত্র বিভাগের রাজনৈতিক অধিশাখা-৬ এর স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.০১.০০১.২০১৮(অংশ-১)-২৮৪, তাং ২৬-১০-২০২১ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্রের অনুচ্ছেদ নং-১৫ এর নির্দেশনা মোতাবেক বৈধ অস্ত্র প্রদর্শন নিষিদ্ধকরণ সংক্রান্তে The Arms Act, 1878 (Act XI of 1878)- এর ধারা ১৭(ক)(১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নোক্ত আদেশ জারি করল :

"০১ নভেম্বর ২০২১ তারিখ ভোর ৬.০০টা হতে ০৪ নভেম্বর ২০২১ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত আগ্নেয়াস্ত্রের লাইসেন্সধারীগণ কর্তৃক আগ্নেয়াস্ত্র প্রদর্শন ও আগ্নেয়াস্ত্রসহ চলাচল করার উপর নিষেধাজ্ঞা আরোপ করা হলো।"

(২) যারা এ আদেশ লজ্ঘন করবে তাদের বিরুদ্ধে The Arms Act, 1878 এর সংশ্লিষ্ট ধারার বিধান মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**শাহে এলিদ মাইনুল আমিন**
উপসচিব।

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**শৃঙ্খলা অধিশাখা**

**আদেশ**

তারিখঃ ৯ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ/২৫ অক্টোবর ২০২১ খ্রিষ্টাব্দ

নং **৪৫.০০.০০০০.১২২.২৭.০২৭.২০-৩৩০**—ডা. মানস কুমার বসু (৩৯০১৩), অধ্যাপক, এ্যানেসথেশিওলজি, ওএসসি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (সংযুক্তঃ জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী, ঢাকা) গত ০৭-০২-২০১৫ খ্রি. তারিখ থেকে জাতীয় ক্যান্সার গবেষণা ইনস্টিটিউট ও হাসপাতালে আইসিইউ এ্যানেসথেশিয়া বিভাগের প্রধান হিসাবে দায়িত্ব পালনকালে কর্তৃপক্ষকে আইসিইউ ভেন্টিলেটর বিষয়ে অবহিত না করার অভিযোগে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) মোতাবেক অসদাচরণের দায়ে স্বাস্থ্য সেবা বিভাগের ১৭-০৫-২০২০খ্রি. তারিখের ২২২ নং স্মারকে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির আবেদন করেন;

৩০-০৯-২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠিত ব্যক্তিগত শুনানিতে বিধি মোতাবেক তার বক্তব্য গ্রহণ ও লিপিবদ্ধ করা হয়;

সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, তিনি ভেন্টিলেটর ক্রয় বা পরবর্তী আট বছরে এর রক্ষণাবেক্ষণ বা ব্যবহারের সময় এ্যানেসথেশিয়া বিভাগের বিভাগীয় প্রধানের দায়িত্বে ছিলেন না;

বিভাগীয় প্রধানের দায়িত্ব গ্রহণের পর তিনি ভেন্টিলেটর মেরামতের বিষয়টি লিখিত পত্রের মাধ্যমে তার উর্ধ্বতন কর্তৃপক্ষ তথা হাসপাতালের পরিচালককে চার দফায় অবহিত করেছিলেন এবং কর্তৃপক্ষও সে মোতাবেক নিমিউ এন্ড টিসিকে বিষয়টি জানিয়েছেন;

তার বিরুদ্ধে আনীত দায়িত্বে অবহেলার অভিযোগ প্রমাণিত হয়নি;

অভিযোগের বিষয়ে শুনানিতে উপস্থাপিত তার বক্তব্য সন্তোষজনক প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, ডা. মানস কুমার বসুর বিরুদ্ধে আনীত অসদাচরণের অভিযোগ হতে তাকে অব্যাহতি প্রদান করা হলো এবং এ মর্মে তার বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**লোকমান হোসেন মিয়া**
সিনিয়র সচিব।